

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
১৬, আব্দুল গনি রোড, ঢাকা।
Website: www.dgfood.gov.bd

~~UFC~~
UFC
১৩/১১/২০১৯

পত্র নম্বর ১৩.০১.০০০০.০৯১.৪৫.১৬৯.১৯. ২০১৬(৭)

তারিখ: ১৪/১১/২০১৯ খ্রি:।

বিষয়ঃ আমন সংগ্রহ ২০১৯-১৯২০ মৌসুমে অভ্যন্তরীণভাবে সংগ্রহতব্য ধানের বিভাগ, জেলা ও উপজেলাওয়ারী লক্ষ্যমাত্রার বিভাজন।

সূত্রঃ খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.৩৬.০১৩.২০১৭-৪৬, তারিখ: ১৩/১১/২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে আসন্ন অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০১৯-২০২০ এর আওতায় ৬,০০,০০০ (ছয় লাখ) মেটন ধান ক্রয়ের উপজেলাওয়ারী বিভাজন নিম্নরূপ শর্তে অনুমোদন প্রদান করেছেঃ

- (ক) ২০১৯-২০২০ সালের আমন মৌসুমে ৬,০০,০০০ (ছয় লাখ) মেট্রিক টন ধান নির্ধারিত সময়সীমার মধ্যে সংগ্রহ করতে হবে;
- (খ) আমন ধানের সংগ্রহ মূল্য প্রতি কেজি ২৬.০০ (ছাব্বিশ) টাকা;
- (গ) ধান সংগ্রহের সময়সীমা ২০ নভেম্বর, ২০১৯ খ্রি. তারিখ হতে ২৮ ফেব্রুয়ারি, ২০২০ খ্রি. পর্যন্ত;
- (ঘ) ধান উৎপাদনের তথ্য সঠিকভাবে উপস্থাপন করা না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ী থাকবেন;
- (ঙ) সরবরাহকৃত ধানের মূল্য ডব্লিউকিউএসসি দ্বারা সরাসরি সংশ্লিষ্ট কৃষকের ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ করতে হবে;
- (চ) উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি কর্তৃক অনুমোদিত কৃষক তালিকা অনুযায়ী ধান সংগ্রহ নিশ্চিত করতে হবে;
- (ছ) অভ্যন্তরীণ সংগ্রহ নীতিমালা-২০১৭ এর বিনির্দেশন সম্মত ধান সংগ্রহ নিশ্চিত করতে হবে;
- (জ) অভ্যন্তরীণ সংগ্রহ নীতিমালা ২০১৭ অনুচ্ছেদ ২০(খ) এর নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট কমিটিকে সংগ্রহ করা পণ্যের মান যাচাই করে মান বিশ্লেষণ প্রতিবেদন নিয়মিতভাবে দাখিল করতে হবে এবং এ প্রতিবেদনের তথ্য পরবর্তীতে যাচাই করে সঠিক তথ্য পাওয়া না গেলে সংশ্লিষ্ট কমিটি এর জন্য দায়ী থাকবেন।

এমতাবস্থায়, উপরে বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী অভ্যন্তরীণ সংগ্রহ নীতিমালা-২০১৭ যথাযথ অনুসরণপূর্বক বিনির্দেশিত মানের ধান সংগ্রহের জন্য সকলকে অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্ত: বর্ণনামতে ফর্দ।

প্রাপকঃ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,
ঢাকা/রাজশাহী/রংপুর/খুলনা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল।

~~১৩/১১/১৯~~
১৩/১১/১৯
(জুলফিকার রহমান)
পরিচালক
সংগ্রহ বিভাগ

খাদ্য অধিদপ্তর, ঢাকা।
তারিখ: ১৪/১১/১৯

স্মারক নং- ১৩.০৩.৩০০০.০০৩.৪৮.০৫০.১৭. ১৬৪৬(২২)

অনুলিপি প্রেরিত : সদয় অবগতি/অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য।

- ১। জেলা প্রশাসক, ফেনী।
- ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
- ৩। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফেনী
- ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফেনী জেলা।
- ৫। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফেনী সদর/ছাগলনাইয়া/দাগনভূঁইয়া/সোনাগাজী/পরশুরাম/ফুলগাজী উপজেলা, ফেনী।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল), ফেনী সদর/ছাগলনাইয়া/দাগনভূঁইয়া/সোনাগাজী/পরশুরাম/ফুলগাজী এমএসডি, ফেনী।

১৬/১১/১৯

১৬/১১/১৯
জেলা খাদ্য নিয়ন্ত্রক
ফেনী।